



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/18/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে ষষ্ঠ অঞ্চল বেঞ্চমার্কে পৌঁছাচ্ছে কাল থেকে পুনরায় খোলা শুরু করার জন্য

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক সেন্ট্রাল নিউইয়র্ক, নর্থ কান্ট্রি, ফিঙ্গার লেকস, সাউদার্ন টায়ার এবং মোহাক ভ্যালি অঞ্চলের সাথে যোগ দিয়েছে, যারা পুনরায় শুরু করার জন্য প্রয়োজনীয় সাতটি মেট্রিক্স পূরণ করেছে

ইলেক্টিভ প্রক্রিয়াগুলি পুনরায় শুরু করার জন্য রাজ্য স্বাস্থ্য দপ্তর এরি কাউন্টি মেডিকেল সেন্টারকে একটি ছাড় দিয়েছেন

নতুন নির্দেশিকা অনুযায়ী নার্সিং হোমের কর্মীদের সপ্তাহে দুইবার পরীক্ষা করানোর জন্য সাহায্য করতে নার্সিং হোমগুলিতে আরও পরীক্ষার ব্যবস্থা প্রণয়নের নতুন প্রচেষ্টার ঘোষণা

ভক্ত ছাড়া পুনরায় খোলার পরিকল্পনার জন্য প্রধান ক্রীড়া দলগুলোকে উৎসাহিত করে

নিউ ইয়র্ক স্টেটে আরো 1,250 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 44 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 351,371-তে নিয়ে আসে

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে আজ থেকে, পশ্চিম নিউ ইয়র্ক রাজ্যের আঞ্চলিক পর্যায়ক্রমে পুনরায় খোলার কাল থেকে শুরু প্রথম পর্যায় শুরু করার জন্য প্রয়োজন সাতটি মেট্রিক্সের সব কটি পূরণ করেছে, যার ফলে তারা সেন্ট্রাল নিউ ইয়র্ক, নর্থ কান্ট্রি, ফিঙ্গার লেকস, সাউদার্ন টায়ার এবং মোহাক ভ্যালি অঞ্চলের সাথে সংযুক্ত হয়েছে। পশ্চিম নিউ ইয়র্ক এখন রাজ্যের নির্দেশিকা পূরণের জন্য যথেষ্ট যোগাযোগ ট্রেসারকে চিহ্নিত করেছে, এবং এই ট্রেসারদের আজ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ফেজ ওয়ানে প্রবেশের প্রস্তুতির জন্য, যার মধ্যে আছে নির্মাণকাজ; উত্পাদন এবং পাইকারি সরবরাহ চেইন; রিটেইলের জন্য কার্বসাইড পিকাপ এবং ড্রপ-অফ; এবং কৃষি, বন ও মাছ। রাজ্যের পুনরায় খোলার পরিকল্পনার জন্য ব্যবসায়িক নির্দেশনা [এখানে](#) পাওয়া যাবে। স্টেটের "NY ফরওয়ার্ড রিওপেনিং" ("NY Forward Reopening") এই পরিকল্পনার একটি নির্দেশিকা [এখানে](#) পাওয়া যায়। স্টেটের রিজিওনাল মনিটরিং ড্যাশবোর্ড [এখানে](#) পাওয়া যায়।

গভর্নর কুওমো আরও ঘোষণা করেছেন যে, ইলেক্টিভ প্রসিডিওর শুরু করার জন্য রাজ্য স্বাস্থ্য দপ্তর এরি কাউন্টি মেডিকেল সেন্টারকে একটি ছাড় মঞ্জুর করেছে।

নতুন নির্দেশিকা অনুযায়ী সকল নার্সিং হোম এবং প্রাপ্তবয়স্কদের পরিচর্যার কেন্দ্রগুলির সব কর্মীদের সপ্তাহে দুবার করে COVID-19 এর জন্য পরীক্ষা করানোর নির্দেশ পূরণ করার জন্য নার্সিং হোম ফেসিলিটিগুলিতে আরো পরীক্ষার ব্যবস্থা প্রণয়নের জন্য নতুন প্রচেষ্টার কথা ঘোষণা করেছেন গভর্নর। এই ফেসিলিটিগুলিতে বেশি পরীক্ষা করানোর জন্য ল্যাবের সঙ্গে নার্সিং হোম ফেসিলিটিগুলিকে যুক্ত করছে রাজ্য, আর এখন পর্যন্ত ল্যাবগুলি প্রতিদিন অন্তত 35,000 টেস্ট সংরক্ষণ করেছে শুধু এই উদ্দেশ্যে। এ সপ্তাহে নার্সিং হোম স্টেটগুলিতে 320,000 টেস্ট কিট পাঠাচ্ছে রাজ্য।

এছাড়াও প্রধান ক্রীড়া দলগুলোকে ভক্তদের ছাড়া পুনরায় খেলার জন্য পরিকল্পনা করতে উৎসাহিত করেছেন গভর্নর এবং এই প্রচেষ্টায় রাজ্যের সাহায্য প্রদানের প্রস্তাব দেন গভর্নর।

"এমনকি দেশের সর্বোচ্চ সংখ্যক কেস নিয়েও, নিউ ইয়র্কবাসীরা প্রবল একতা এবং অনুশাসনের সঙ্গে সাড়া দিয়েছেন এবং ভাইরাসের বিস্তার হ্রাস করতে এবং বক্ররেখা সমতল করার জন্য এক অসাধারণ কাজ করেছেন," **গভর্নর কুওমো বলেন।** "পুনরায় খোলা এখন আমাদের আলোচনার বড় বিষয়, এবং আমরা তথ্য, বিজ্ঞান এবং পরিসংখ্যানের উপর ভিত্তি করে এই সিদ্ধান্তগুলো নিচ্ছি, কিন্তু এখনো আমাদের প্রয়োজন নিউ ইয়র্কবাসীরা তাদের দায়িত্ব পালন করুন যাতে নিশ্চিত করা যায় যে এই সংখ্যাগুলি আবার বেড়ে না যায় যখন অঞ্চল এবং ব্যবসা-বাণিজ্যগুলি পুনরায় খোলে।"

পরিশেষে, গভর্নর আরও 1,250 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 351,371-তে নিয়ে এসেছে। মোট 351,371 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,610	31
Allegany	44	0
Broome	423	9
Cattaraugus	67	2
Cayuga	65	2
Chautauqua	49	1
Chemung	134	0
Chenango	118	1
Clinton	94	2
Columbia	346	6
Cortland	35	1

Delaware	69	0
Dutchess	3,552	9
Erie	4,993	39
Essex	33	0
Franklin	18	0
Fulton	182	11
Genesee	180	0
Greene	213	1
Hamilton	5	0
Herkimer	92	1
Jefferson	71	0
Lewis	17	1
Livingston	110	0
Madison	258	0
Monroe	2,303	45
Montgomery	75	0
Nassau	39,225	89
Niagara	818	26
NYC	193,230	637
Oneida	772	12
Onondaga	1,520	19
Ontario	148	2
Orange	9,965	22
Orleans	167	0
Oswego	84	0
Otsego	67	0
Putnam	1,141	5
Rensselaer	444	5
Rockland	12,777	19
Saratoga	434	6
Schenectady	629	9
Schoharie	48	1
Schuyler	10	1
Seneca	51	0
St. Lawrence	192	0
Steuben	235	1
Suffolk	38,224	107
Sullivan	1,246	15

Tioga	113	0
Tompkins	141	2
Ulster	1,557	5
Warren	234	2
Washington	219	0
Wayne	97	1
Westchester	32,323	99
Wyoming	79	1
Yates	25	2

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)